

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪২২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ নফল জিহাদের চেয়ে বাবা-মার সদাচারণ করা উত্তম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ بِرَّ الْوَالِدَيْنِ أَفْضَلُ مِنْ جِهَادِ التَّطَقُّعِ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمَذَانِيُّ حدثنا أبو الطاهر بن السرح حدثنا بن وَهْبٍ أَخْبَرَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ دَرَّاجٍ عَنْ أَبِي الْهَيْتَم عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ رَجُلًا هَاجَرَ إِلَى عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ دَرَّاجٍ عَنْ أَبِي الْهَيْتَم عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ رَجُلًا هَاجَرْتُ فَقَالَ رَسُولُ اللَّهِ إِنِّي هَاجَرْتُ فَقَالَ رَسُولُ اللَّهِ مِنَلًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "قَدْ هَجَّرْتَ الشِّرْكَ وَلَكِنَّهُ الْجِهَادُ هَلْ لَكَ أَحَدٌ بِالْيَمَنِ" رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "قَدْ هَجَّرْتَ الشِّرْكَ وَلَكِنَّهُ الْجِهَادُ هَلْ لَكَ أَحَدٌ بِالْيَمَنِ" قَالَ أَبُولَيَ قَالَ "أَذِنَا لَكَ" قَالَ لَا قَالَ "ارْجِعْ فَاسْتَأْذِنْهُمَا فَإِنْ أَذِنَا لَكَ فَجَاهِدْ وَإِلَّا فبرهما." قَالَ أَبُولِي قَالَ "أَذِنا لَكَ" قَالَ لَا قَالَ "ارْجِعْ فَاسْتَأْذِنْهُمَا فَإِنْ أَذِنا لَكَ فَجَاهِدْ وَإِلَّا فبرهما." الراوي: أَبو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 422 ا خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৪২২. আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি ইয়ামেন থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে হিজরত করে আসেন। অতঃপর তিনি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি হিজরত করে এসেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি তো শিরক পরিত্যাগ করেছো। তবে তোমার জিহাদ করার সুযোগ আছে। ইয়ামানে তোমার কেউ আছে কি?" তিনি বলেন: "আমার বাবা-মা আছেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তারা কি তোমাকে অনুমতি দিয়েছেন?" তিনি বললেন: "জ্বী, না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি তাদের কাছে ফিরে যাও এবং তাদের কাছে অনুমিত চাও। যদি তারা অনুমতি দেয়, তাহলে জিহাদ করো, অন্যথায় তাদের সদাচারণ করো।"[1]

ফুটনোট



[1] আবু দাউদ: ২৫৩০; হাকিম: ২/১০৩, ১০৪; সুনান বাইহাকী: ৯/২৬; মুসনাদ আহমাদ: ৩/৭৫, ৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ য'ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৫/ ২১।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন